দৈনিক
ইত্তেফাক

22 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নিয়োগের দাবিতে আন্দোলনে প্রাথমিকের প্যানেল শিক্ষকরা

■ ইত্তেফাক রিপোর্ট

হাইকোর্টের রায় অনুযায়ী বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে প্যানেলভুক্ত সবাইকে নিয়োগ দেয়ার দাবিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সামনে বিক্ষোভ করেছেন নিয়োগ বঞ্চিত প্যানেল শিক্ষকরা। পরে সংসদ ভবনে গিয়ে স্মারকলিপি দিয়েছেন তারা। এ ছাড়া গতকাল দুপুরে ডেপুটি স্পিকার অ্যাডভোকেট ফজলে রাব্বী মিয়ার হাতে বিভিন্ন দাবি সম্মিলিত স্মারকলিপি তুলে দেন শিক্ষক নেতারা।

সকাল ৯টা থেকে নিয়োগ বঞ্চিত প্যানেল শিক্ষক পরিষদের ব্যানারে সাধারণ শিক্ষকরা মানববন্ধন, বিক্ষোভ ও অধিদপ্তর ঘেরাও করেন। এরপর পুলিশ তাদের সেখান থেকে হটিয়ে দিলে তারা সংসদ অভিমুখে রওনা দেন।

### প্যানেলভুক্তরা সবাই পর্যায়ক্রমে নিয়োগ পাবেন

প্যানেলভুক্ত প্রার্থীদের সবাই নিয়োগ পাচ্ছেন না বলা হচ্ছে- এ বিষয়ে জানতে চাইলে গতকাল সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী সাংবাদিকদের বলেন, আদালত মেধাতালিকা ধরে নিয়োগের কথা বলেছে। কিন্তু আদালতের রায়ে পরোক্ষভাবে সবাইকেই নিয়োগ দেওয়ার কথা বলা হয়েছে। মেরিট লিস্টে নিতে গেলে দেখা যায় কেউ রিট করে পিছনে আছে, কেউ মামলা না করেও সামনে রয়েছে। আমরা মনে করি ধীরে ধীরে সবাই নিয়োগ পেয়ে যাবে। এটা চলতে থাকবে।